

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 31-01-2026**

**Time: 1.40 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) রাজ্য সরকার মতুয়াদের ভয় দেখাচ্ছে বলে বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ অভিযোগ করেছেন।  
#উত্তর ২৪ পরগণার ব্যারাকপুরের আনন্দপুরী খেলার মাঠে কর্মী সম্মেলনে যোগ দেওয়ার পর তিনি বাগড়োগড়ার উদ্দেশে রওনা হন।
- ২) কেন্দ্রে আইজি বা সমতুল পদে নিয়োগের ক্ষেত্রে আইপিএস আধিকারিকদের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক নতুন শর্ত জারি করেছে।
- ৩) ২০২৬-২৭ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেট আগামীকাল।
- ৪) বাড়খনে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে বেলডাঙ্গায় অশান্তি ও হিংসার ঘটনার তদন্তে এনআইএ-র দল জেলায় পৌঁছেছে।
- ৫) সুপ্রিম কোর্ট, সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ‘মেঙ্ট্রুয়াল হাইজিন ফর স্কুল গোয়িং গার্লস’- নীতি বাধ্যতামূলকভাবে বলবত্তের নির্দেশ দিয়েছে।

---

রাজ্য সরকার মতুয়াদের ভয় দেখাচ্ছে বলে বরিষ্ঠ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ অভিযোগ করেছেন। উত্তর ২৪ পরগণার ব্যারাকপুরের আনন্দপুরী

খেলার মাঠে কর্মী সম্মেলনে যোগ দিয়ে তিনি বলেন, মতুয়া এবং নমশ্কৃদের ভয় পাওয়ার কোনো কারণ নেই। এসআইআর নিয়ে রাজ্য সরকার যতই বিরোধ করুক, এই প্রক্রিয়া রাজ্যে অব্যাহত থাকবে বলে তিনি জানান।

(বাইট-মতুয়া)

দক্ষিণ ২৪ পরগনার নরেন্দ্রপুরের নাজিরাবাদে গুদামে অগ্নিকান্ডের নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়ে শ্রী শাহ বলেন, এই ঘটনা শাসক দলের দুর্নীতির ফল। তিনি অভিযোগ করেন, এই মতুয়া নিয়েও মুখ্যমন্ত্রী ভোটব্যাংকের রাজনীতি করছেন। শাসক ঘনিষ্ঠরা এই ঘটনায় জড়িত। তাই এখনো পর্যন্ত মোমো সংস্থার মালিক গ্রেপ্তার হয়নি।

(বাইট-নাজিরাবাদ)

অনুষ্ঠানের শুরুতেই বিরোধী দলনেতা দলীয় কর্মীদের উদ্দেশে বক্তব্য রাখেন। ভাষার নামে রাজ্যের শাসক দল বিভাজন সৃষ্টির চেষ্টা চালাচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

এরপর শ্রী শাহ কলকাতা বিমানবন্দ থেকে বাগড়োগরার উদ্দেশে রওনা হন। দুপুরে গোসাইপাড়া এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার মাঠে দলীয় সাংগঠনিক বৈঠকে উপস্থিত থাকবেন। বিকেলে বাগড়োগরা বিমানবন্দের হয়ে দিল্লি ফিরে যাবেন তিনি।

---

কেন্দ্রে আইজি বা সমতুল পদে নিয়োগের ক্ষেত্রে আইপিএস আধিকারিকদের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক নতুন শর্ত জারি করেছে। ২০১১ ব্যাচ থেকে পরবর্তী সময়ের আইপিএস আধিকারিকদের ক্ষেত্রে আইজি বা সমমানের পদে এমপ্যানেলমেন্ট পেতে

হলে এসপি বা ডিআইজি স্তরে ন্যূনতম দু'বছরের কেন্দ্রীয় ডেপুটেশনে কাজ করার অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে রাজ্যগুলির মুখ্যসচিবদের পাঠানো এক চিঠিতে এই নির্দেশ জানানো হয়েছে। ওই নির্দেশ রাজ্য ক্যাডারে কর্মরত সমস্ত আইপিএস আধিকারিকদের জানিয়ে দেওয়ার কথাও বলা হয়েছে।

---

রাজ্য পুলিশের ওয়েলফেয়ার কমিটির আবেদনের ভিত্তিতে রাজ্য সরকার, সরাসরি সাব-ইন্সপেক্টর পদে চাকরি পাওয়া আধিকারিকদের দক্ষতার বিচারে পুলিশ সুপার বা অতিরিক্ত পুলিশ সুপার পর্যন্ত পদোন্নতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বলে স্বরাষ্ট্র দণ্ডের সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য কলকাতা পুলিশে কর্মরত একজন সাব-ইন্সপেক্টর পদোন্নতি পেয়ে ডেপুটি কমিশনার বিভাগীয় পর্যন্ত হতে পারেন। সেখানে রাজ্য পুলিশে কর্মরত সাব-ইন্সপেক্টররা এতদিন ডিএসপি পদ পর্যন্ত পদোন্নতি পেতেন। এই কারণে ওয়েলফেয়ার কমিটি ২০২৪ সালের জুন মাসে কর্মরত সাব-ইন্সপেক্টরদের পদোন্নতির সুযোগ দেওয়ার আবেদন জানিয়ে রাজ্য সরকারকে চিঠি দিয়েছিল।

---

২০২৬-২৭ অর্থবছরের কেন্দ্রীয় বাজেট আগামীকাল পয়লা ফেব্রুয়ারী। অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সকাল ১১টায় লোকসভায় বাজেট পেশ করবেন।

এর প্রেক্ষিতে আকাশবাণী, সকাল ১০ টা ১০ মিনিট থেকে প্রাক-বাজেট আলোচনা ও অর্থমন্ত্রীর বাজেট ভাষণ সরাসরি সম্প্রচার করবে। শোনা যাবে আকাশবাণীর

গীতাঞ্জলী এবং FM গোল্ড চ্যানেলে। এর ফলে সংবাদ সম্প্রচারের সময়ের বেশ কিছু পরিবর্তন করা হচ্ছে। বেলা সাড়ে ১২টার গ্রামীণ এবং ১২টা ৫০-এর বাংলা সংবাদ শোনা যাবে FM রেনবো চ্যানেলে।

বেলা দেড়টার জাতীয় সংবাদ ওইদিন প্রচারিত হবে ১টা ৫০ মিনিটে গীতাঞ্জলী প্রচারতরঙ্গে। তারপরই দুপুর ২টোয় প্রচারিত হবে ১টা ৪০-এর স্থানীয় সংবাদ। বিকেল ৫-১০-এর বাংলা সংবাদ এবং রাত্রি ৮টা ১০-এর ‘খেলার খবর’ নির্ধারিত সময়েই শোনা যাবে FM রেনবো চ্যানেলে। ওইদিন সক্ষে ৭.৫০-এর স্থানীয় সংবাদ হবে ১৫ মিনিটের। বাজেট নিয়ে বিশেষ আলোচনা প্রচারিত হবে রাত ৮টা ৩০ থেকে ৯টা পর্যন্ত গীতাঞ্জলী এবং FM রেনবো প্রচারতরঙ্গে।

FM রেনবোয় সব হেডলাইন নির্ধারিত সূচী অনুযায়ী প্রচারিত হবে।

---

ঝাড়খন্দে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুর ঘটনার পর অশান্তি ও হিংসার ঘটনার তদন্তে আজ সংস্থা এন আই এ'র তদন্তকারীরা জেলায় পৌছেছেন। আদালতের পর্যবেক্ষণের পর কেন্দ্রের নির্দেশে এন আই এ তদন্তভার নিয়েছে। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন।

(ভিসি-মুর্শিদাবাদ)

কলকাতা হাইকোর্ট রাজ্যের সীমান্তবর্তী ৯ টি জেলায় কাঁটাতার লাগানোর জন্য বিএসএফকে জমি হস্তান্তর করতে রাজ্যকে সময়সীমা বেঁধে দিয়েছে। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ গতকাল নির্দেশ দিয়েছেন, ৩১শে মার্চের মধ্যে এই জমি হস্তান্তর করতে হবে।

বর্ধমান-আরামবাগ সংযোগকারী কৃষক সেতু র বিকল্প নতুন সেতু নির্মাণের জন্য নির্মাণকারী সংস্থার নাম চূড়ান্ত করা হয়েছে। মাঝেরহাট ব্রিজের নির্মাণকারী বেসরকারি সংস্থাকেই ওই সেতু নির্মাণের দ্বায়িত্ব দেওয়া হচ্ছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানাগেছে। ৩১১ কোটি ৭৭ লক্ষ টাকা খরচে গড়ে তোলা হবে প্রায় তিন কিলোমিটার দীর্ঘ এই সেতু। বর্ধমান-আরামবাগ সংযোগকারী কৃষক সেতু জরাজীর্ণ হয়ে পড়ায় এই নতুন সেতু গড়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মেয়েদের ঋতুকালীন স্বাস্থ্য রক্ষা, সংবিধানের ২১ ধারায় বর্ণিত- ‘জীবন ও গোপনীয়তার মৌলিক অধিকারে’র অবিচ্ছেদ্য অঙ্গ বলে, সুপ্রিম কোর্ট মত ব্যক্ত করেছে। মহিলা ও শিশু কন্যাদের মর্যাদা ও স্বাস্থ্য সুরক্ষিত রাখতে, রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল এবং স্কুলগুলিকে গতকাল একগুচ্ছ নির্দেশিকা জারি করেছে শীর্ষ আদালত। বিচারপতি জে পি পার্দিওয়ালা এবং বিচারপতি আর মহাদেবনের বেঞ্চ, প্রতিটি স্কুলে ছাত্রীদের বায়ো ডিগ্রেডেবল স্যানিটারি ন্যাপকিন বিনামূল্যে দিতে হবে বলে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে নির্দেশ দিয়েছে। দেশের সব স্কুলের ক্ষেত্রেই এই নিয়ম পালন আবশ্যিক। যেসব স্কুল নিয়ম মানবে না, তাদের অনুমোদন’ও প্রয়োজনে বাতিল করা হতে পারে। প্রাথমিক সুযোগ সুবিধার অভাব এবং ঋতুশ্রাবকে ঘিরে সামাজিক ছুঁতমার্গের কারণেই মেয়েদের স্বাস্থ্য, শিক্ষা এবং গোপনীয়তা সরাসরি প্রভাবিত হচ্ছে বলে বেঞ্চের পর্যবেক্ষণ। একইসঙ্গে ছেলে, মেয়ে এবং বিশেষভাবে সক্ষমদের জন্য জাতীয় নীতির অধীনে পৃথক, পরিচ্ছন্ন শৌচালয় গড়ে তোলার নির্দেশ দিয়েছে আদালত।

সমাজ কর্মী জয়া ঠাকুরের দায়ের করা একজনস্বার্থ মামলার প্রেক্ষিতে শীর্ষ আদালত  
বলেছে, ‘মেল্ট্রুয়াল হাইজিন ফর স্কুল গোয়িং গার্লস’- নীতি, বাধ্যতামূলকভাবে বলবত  
করতে হবে।

বিকশিত ভারত জি রাম জি আইন , উন্নত দেশ গঠনের লক্ষ্যে নেওয়া এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে উত্তর দিনাজপুরের রায়গঞ্জের সাংসদ কার্তিক চন্দ্র পাল মতপ্রকাশ করেছেন। কালিয়াগঞ্জে এক অনুষ্ঠানে তিনি বলেন, এই প্রকল্পের মাধ্যমে গ্রামীণ পরিবারগুলিকে ১০০ দিনের পরিবর্তে ১২৫ দিনের মজুরিভিত্তিক কাজের নিশ্চয়তা দেওয়া হচ্ছে। এর ফলে তাঁদের জীবিকা ও আর্থিক নিরাপত্তা আরও মজবুত হবে।

অনুষ্ঠানে উপস্থিতি গ্রামবাসীরা এই উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন, কাজের দিনের সংখ্যা বাড়লে গ্রামীণ অর্থনীতি আরও চাঞ্চা হবে এবং পরিযায়ী শ্রমিকদের শহরমুখী হওয়ার প্রবণতাও কমবে।

দক্ষিণ২৪পরগণার কুলপির গাজিপুর পঞ্চায়েতের ছামনাবুনি  
 গ্রামে গতরাতে, তৃণমূল কংগ্রেসের বুথ সভাপতি কুতুবউদ্দিন পাইকের গাড়িতে ভয়াবহ  
 বিফোরণ হয়। বিফোরণের জেরে গাড়িটি দুমড়ে- মুচড়ে গেছে। উড়ে  
 যায় গ্যারেজের অ্যাসবেস্টাসের শেড'ও। ঘটনার তদন্ত শুরু করেছে কুলপি থানার পুলিশ।

ନଦୀଯାର ମାୟାପୁର ଇସକନ ମନ୍ଦିରେ ଧର୍ମୀୟ ଉତ୍ସବେର ଆବହେ ପାଲିତ ହଚ୍ଛ ଶ୍ରୀ ଶ୍ରୀ ନିତ୍ୟାନନ୍ଦ ପ୍ରଭୁର ଜନ୍ମଜୟନ୍ତୀ । ତୋର ଥେକେ ମଙ୍ଗଳ ଆରତି ଓ ନାମ ସଂକ୍ଷିର୍ତ୍ତନେର ମଧ୍ୟ ଦିଯେ

শুরু হয়েছে অনুষ্ঠান। বিভিন্ন ভাষায় নিত্যানন্দ মহাপ্রভুর জীবন, দর্শন ও বাণী নিয়ে আলোচনা চলছে। নিত্যানন্দ প্রভুর অভিষেক পর্বের পর হবে অঙ্গলি প্রদান। ইতিমধ্যেই দেশ-বিদেশের হাজার হাজার পুণ্যার্থী ও তীর্থ্যাত্মী ইসকনে সমবেত হয়েছেন।

---